[redacted]

[redacted]

[redacted], [redacted] [redacted] [redacted]

জুমার নামাজ ১০ জন পড়েছেন। ওয়াক্তিয়া নামাজেও পাঁচজনের বেশি মুসল্লি রাখা হচ্ছে না। শবে বরাতের নামাজ বাসায় আদায় করেছেন সবাই। আমরা সামাজিক দূরত্ব বজায় রেখে মহান আল্লাহর দরবারে করোনাভাইরাস থেকে মুক্তি লাভের জন্য দোয়া করছি। সবাই দেশবাসী ও পৃথিবীর সবার জন্য দোয়া করছেন।’

ঝালকাঠি জেলা প্রশাসকের কার্যালয় থেকে ভিডিওতে খতিবের এ বক্তব্যের জবাবে প্রধানমন্ত্রী বলেন, ‘সৌদি আরবে মক্কা ও মদিনাতেও কারফিউ দেওয়া হয়েছে। করোনাভাইরাস থেকে আমরা রক্ষা পাই, দেশ ও সমগ্র জাতি যাতে মুক্তি পায় এজন্য ঘরে বসেই সবারই আল্লাহর কাছে দোয়া করতে হবে। যাতে আল্লাহ আমাদের সবাইকে এ বিপদ থেকে রক্ষা করেন।’

প্রসঙ্গত প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে এ পর্যন্ত ৩৪ জনের মৃত্যু হয়েছে। আক্রান্ত হয়েছেন ৬২১ জন। আক্রান্তদের মধ্যে মোট সুস্থ হয়েছেন ৩৯ জন।.

সূত্র-যুগান্তর

চীনা প্রেসিডেন্টকে ধন্যবাদ জানালেন প্রধানমন্ত্রী

করোনাভাইরাস বিস্তার রোধে বাংলাদেশকে চিকিৎসা সরঞ্জাম দিয়ে সহযোগিতা করার জন্য চীনা প্রেসিডেন্ট শি জিনপিংকে ধন্যবাদ চিঠি দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বৃহস্পতিবার ঢাকার চীনা দূতাবাস থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

দূতাবাসের পক্ষ থেকে জানানো হয়েছে, চিঠিতে করোনাভাইরাস মোকাবেলায় বাংলাদেশকে চীনের পক্ষ থেকে করোনা টেস্ট কিট, মাস্ক, পিপিই ও থার্মোমিটার দেয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীনা প্রেসিডেন্ট ও দেশটির জনগণের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

পাশাপাশি হাজার হাজার মাস্ক ও টেস্টিং উপকরণ দেয়ার জন্য জ্যাক মা ফাউন্ডেশন ও আলিবাবাকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

চিঠিতে করোনাভাইরাস মোকাবেলায় চীনের সফলতার অভিজ্ঞতা বাংলাদেশ ও বিশ্বের সামনে উদাহরণ হিসেবে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। বিশ্বে করোনাভাইরাস প্রতিরোধে চীনের প্রেসিডেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা করেন শেখ হাসিনা।

ডিসেম্বরের শেষ দিকে চীনের হুবেই শহরের উহান প্রদেশে প্রথম করোনাভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত হয়।পরে তা বিশ্বের সর্বত্র মহামারীতে ছড়িয়ে পড়ে। বাংলাদেশ এখন পর্যন্ত এ ভাইরাসটিতে ৩৩০ জন আক্রান্ত হয়েছেন। আর এতে আক্রান্ত হয়ে ২১ জনের মৃত্যু হয়েছে।

সূত্র-যুগান্তর

করোনা মোকাবেলায় দামুড়হুদা ছাত্রলীগের কর্মসূচি

চলমান বিশ্বের ভয়াবহ আতঙ্ক করোনা ভাইরাস প্রতিরোধে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল মল্লিক (আরিফ)এর নেতৃত্বে ও পরিচালনায় জীবানুনাশক স্প্রে করা এবং মাস্ক, সাবান বিতরণ করা হয়।

উপজেলা ছাত্রলীগ গতকাল সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সমস্ত এলাকা সরজমিনে পরিদর্শনপূর্বক এলাকার বিভিন্ন পাড়া মহল্লা গুরুত্তপূর্ণ পয়েন্টে দাঁড়িয়ে খণ্ড খণ্ড পথসভা ও উঠান বৈঠক করে করোনা সম্পর্কে আতঙ্কিত না হয়ে সচেতন হতে জনগণকে পরামর্শ দেন।

এ সময় উপজেলা ছাত্রলীগের সভাপতি বলেন, করোনা থেকে সেভ থাকতে পরিষ্কার পরিচ্ছন্নতার কোনো বিকল্প নেই।

এ সময় তিনি আরো বলেন, প্রতি আধাঘণ্টা বা এক ঘণ্টা অন্তর যদি হাত- পা সাবান দিয়ে ধুয়ে ফেলি ও জীনানুনাশক স্প্রে হাতে লাগিয়ে ফেলি তাহলে ৯৯% আমরা ঝুঁকিমুক্ত থাকবো ইনশাআল্লাহ।

এ সময় তিনি জেলার অন্যতম অভিভাবক বার-বার বিপুল ভোটে নির্বাচিত এমপি হাজী আলী আজগার টগরের সালাম ও শুভেচ্ছা ঘরে ঘরে পৌঁছে দেন।

একই সাথে উপজেলা ছাত্রলীগের এ শীর্ষনেতা আরো বলেন, আমাদের অভিভাবক হাজী আলী আজগর টগর এমপি বলেছেন, তাঁর শরীরে একফোঁটা রক্ত থাকা পর্যন্ত এ এলাকার কোনো মানুষ করোনায় মারা যাবেনা।

প্রয়োজনে যত টাকা পয়সায় লাগুক তিনি দেশে ও বিদেশের সর্বোচ্চ চিকিৎসা প্রদান করে তাদেরকে সুস্থ করে ভুক্তভোগী পরিবারে আনন্দময় পরিবেশের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখবেন।

জীবনের ঝুঁকি নিয়ে যাঁরা কাজ করছেন, পুরস্কৃত হবেন: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, করোনাভাইরাস মোকাবিলায় জীবনের ঝুঁকি নিয়ে চিকিৎসক, নার্সসহ স্বাস্থ্য খাতে যাঁরা নিয়োজিত আছেন, তাঁদের পুরস্কৃত করা হবে। কিন্তু যাঁরা পালিয়ে আছেন, তাঁরা এই প্রণোদনা পাবেন না।

আজ মঙ্গলবার গণভবন থেকে ভিডিও কনফারেন্সে চট্টগ্রাম ও সিলেট

[illegible]

[illegible]

Lifebuoy Soap
[illegible]

[illegible]

[illegible]

[illegible]

প্রধানমন্ত্রী বলেন, এতটুকু মাটিও যেন অনাবাদি না থাকে। তিনি এ ব্যাপারে কৃষিমন্ত্রী, মৎস্যমন্ত্রীকে বলেছেন।

দুর্ভোগের সময় কেউ অনিয়ম করলে কোনো ছাড় দেওয়া হবে না বলেও হুঁশিয়ার করেছেন প্রধানমন্ত্রী। পাশাপাশি উপসর্গ দেখা দিলেই চিকিৎসকের পরামর্শ নিতে বলেছেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, ‘রোগ লুকাবেন না। এটা লজ্জার বিষয় না।’

মাঠপর্যায়ে যাঁরা করোনাভাইরাস মোকাবিলায় কাজ করছেন, প্রশাসন, সেনাবাহিনী, পুলিশসহ সবাইকে ধন্যবাদ দিয়েছেন শেখ হাসিনা।

সুত্র- প্রথম আলো

সব দলকে ঐক্যবদ্ধভাবে জনগণের পাশে দাঁড়ানোর আহ্বান ওবায়দুল কাদেরের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের পারস্পরিক দোষারোপ না করে ইতিবাচক মনোভাব নিয়ে দেশের এই সংকটে বিএনপিসহ দেশের সকল রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধভাবে জনগণের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন। সোমবার তার সরকারি বাসভবনে ব্রিফিংকালে এ আহ্বান জানান তিনি।

বিএনপি নেতারা যেকোনো পরিস্থিতিতেই রাজনৈতিক ফায়দা লোটার অপতৎপরতায় লিপ্ত থাকেন মন্তব্য করে ওবায়দুল কাদের বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্যাকেজ প্রণোদনা ঘোষিত হওয়ার পর বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর যে মন্তব্য করেছেন তা ভিত্তিহীন, অযৌক্তিক এবং উদ্দেশ্যপ্রণোদিত।

আওয়ামী লীগের পক্ষ থেকে দলের নেতাকর্মীসহ সকল স্তরের জনগণকে মানবিক বিপর্যয়ের এই সময়ে সবাইকে এক প্ল্যাটফরমে দাঁড়িয়ে অসহায় মানুষদের সহযোগিতার আহ্বান জানান ওবায়দুল কাদের।
তিনি করোনাভাইরাসে সংক্রমিত হয়ে দেশে-বিদেশে যারা মৃত্যুবরণ করেছেন তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং যারা চিকিৎসাধীন আছেন তাদের দ্রুত আরোগ্য কামনা করেন।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, সরকারি ছুটি ১৪ এপ্রিল পর্যন্ত বর্ধিত করা হয়েছে, এ প্রেক্ষিতে গণপরিবহনও ১৪ এপ্রিল পর্যন্ত বন্ধ থাকবে। তবে জরুরি সেবা, পণ্যবাহী যানবাহন, কাভার্ডভ্যান, ট্রাক চলাচল করবে, পণ্যবাহী পরিবহনে কোনোভাবেই জনগণ চলাচল করতে পারবে না।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

করোনায় বিএনপির বিশেষ তহবিল গঠনের প্রস্তাব প্রত্যাখ্যান আ’লীগের

করোনাভাইরাসের কারণে দেশের অর্থনীতি রক্ষায় ৮৭ হাজার কোটি টাকার বিশেষ তহবিল গঠনের যে প্রস্তাব বিএনপি দিয়েছিল- তা প্রত্যাখ্যান করে দিয়েছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ।

শনিবার বিকালে সংসদ ভবন এলাকায় সরকারি বাসভবনে এক সংবাদ সম্মেলনে বিএনপির প্রস্তাবটি প্রত্যাখ্যান করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

এর আগে সকালে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর করোনাভাইরাসের কারণে দেশের অর্থনীতি রক্ষায় ৮৭ হাজার কোটি টাকার বিশেষ তহবিল গঠন করতে সরকারকে প্রস্তাব দেন।

বিকালে ওবায়দুল কাদের বলেন, দেশের অর্থনীতির সম্ভাবনাকে নাকচ করে দিয়ে জনগণকে বিভ্রান্ত করার জন্য বিএনপি এই প্রস্তাব দিয়েছে। এতে সংকটকে আরও ঘনীভূত করবে।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, প্রাণঘাতী করোনাভাইরাসে সৃষ্ট বৈশ্বিক সংকটের এই সময়ে মির্জা ফখরুলের মতো দায়িত্বশীল রাজনৈতিক ব্যক্তিত্ব যখন কাণ্ডজ্ঞানহীনভাবে বক্তব্য রাখেন, তখন জাতি হতাশ হয়। তার বক্তব্য আন্দোলন ও নির্বাচনে ব্যর্থ হওয়া একজন দিশেহারা রাজনীতিকের অসংলগ্ন প্রলাপ ও ব্যর্থতার বেসামাল বহিঃপ্রকাশ।

ওবায়দুল কাদের আরও বলেন, করোনাভাইরাসের মহামারীতে যখন সারা বিশ্বে সব মানুষ একযোগে এই সংকট মোকাবেলায় এক প্ল্যাটফর্মে দাঁড়িয়েছে, তখন অর্বাচীনের মতো মির্জা ফখরুল ইসলাম আলমগীরের রাখা বক্তব্য জাতিকে বিভ্রান্ত করে। তাদের এই বালখিল্যতার কারণে গত এক দশকেরও বেশি সময় ধরে জনগণ দ্বারা প্রত্যাখ্যাত হয়েছেন।

তিনি বলেন, মির্জা ফখরুল যে প্রস্তাব উত্থাপন করেছেন- তা আমাদের অর্থনীতির ঊর্ধ্বগামী সম্ভাবনার বিপরীত। এ ধরনের বিভ্রান্তিকর তথ্য জনগণকে শুধু হতাশই করতে পারে, আর কিছু নয়।

আওয়ামী লীগ সম্পাদক বলেন, দুর্যোগের এই মুহূর্তে বিভেদ নয়, এটা তাদের (বিএনপি) বোধগম্য নয়। আওয়ামী লীগের নেতাকর্মীরা এই সময়ে জননেত্রী শেখ হাসিনার নির্দেশে জনগণকে সতর্ক, সচেতন ও দায়িত্বশীল করার কাজ করে চলেছে। সারা বিশ্বের নেতারা করোনা সংক্রমণ নিয়ে দোষারোপের রাজনীতি পরিহার করার সম্মিলিত সিদ্ধান্ত নিয়েছেন। আর মির্জা ফখরুলরা ও তাদের দল এই সংকটকে ঘনীভূত করে জনমনে বিভ্রান্তি ছড়িয়ে জনগণের ঐক্যের দুর্গকে নস্যাৎ করতে চায়।

সুত্র-যুগান্তর

পাবনায় ছাত্রলীগ নেতা

[redacted]

[redacted] [redacted] [redacted] [

[redacted]

[redacted]

৭২ হাজার ৭৫০ কোটি টাকার প্রণোদনা ঘোষণা প্রধানমন্ত্রীর

মহামারী করোনাভাইরাসে ক্ষয়ক্ষতি মোকাবিলায় দেশের অর্থনৈতিক প্রভাব উত্তরণে ৭২ হাজার ৭৫০ কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

রোববার সকাল ১০টায় গণভবনে এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এ ঘোষণা দেন।

করোনাভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাবের কারণে দেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব থেকে উত্তরণের পরিকল্পনা ঘোষণার উদ্দেশে এই সম্মেলনের আয়োজন করা হয়।

এ সময় প্রধানমন্ত্রী বলেন, করোনা পরিস্থিতি বাংলাদেশে এখনও নিয়ন্ত্রণে আছে। আমরা এই সংকট মোকাবেলা করতে পারব।

সুত্র-যুগান্তর